ICSE ACADEMY
www.spellbeeacademy.com

SpellIndia
INDIA's No. 1
SPELLING BEE
Preparatory Study Material Provider
www.phonicsestore.com

Pati's

# PREPARE

for

# ICSE

Class 10

# Bengali

Questions ONLY

A Collection of Questions from Prelim exam papers of various ICSE schools

ICSE ACADEMY:
How to Prepare for ICSE Class 10 exams

https://www.spellbeeacademy.com/icse.html

How to Prepare for ICSE Class 10 exams : Free Resources

Please click on subject to proceed further.

We will keep adding resources here till "March 2026".

So, save this link, keep visiting and stay updated.

( Resources include : Syllabus, Past Year Papers, Specimen Papers, Competency based Questions, Books pdf downloadable, 350+ Term Papers / Prelim Papers of various schools - across subjects, etc. )

01 English Literature
02 English Language
03 Geography
04 History & Civics
05 Physics
06 Chemistry
07 Mathematics
08 Biology
09 Computer Applications
10 Physical Education
11 Hindi
12 Commercial Studies
13 Economics
14 Technical Drawing
15 Environmental Science
16 Home Science
17 Gujarati
18 Marathi
19 French

**SCAN QR code to buy the book at amazon NOW.**












**Scan QR code** for Free Access to
500+ Prelim Papers across 20 subjects





























Pati's
ICSE ACADEMY

# Prepare for ICSE CLASS 10
# Bengali

## Free Resources

## SCAN QR CODE Now

ICSE ACADEMY

# Set 1 : Question Papers

Pati's
ICSE ACADEMY

## Question Paper 1

# Pre - Board Examination 2022–2023

Class - X

Subject: BENGALI (2nd Language)

Reading time – 15 mins | Time: 3 Hours | Full Marks: 80

### SECTION - 'A' (40 Marks)

Attempt all the questions.

This paper Comprises to Two Section. Section 'A' and Section 'B'
Attempt all the questions from Section 'A'. Attempt **four** questions from Section 'B'
Answer at least **one** question each from the two books you have studied and two other questions.
The intended marks for questions or parts of questions are given in brackets [ ]

১) নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে যেকোনো একটি বিষয়ে রচনা লেখ - (২৫০-৩০০ শব্দ) (১৫)

ক) একজন ছাত্র হিসেবে সমাজসেবার কাজে যুক্ত থাকার অভিজ্ঞতা।

খ) তোমার জীবনের একটি স্মরণীয় ঘটনা।

গ) একটি রাজবাড়ির আত্মকথা।

ঘ) যেমন কর্ম তেমন ফল----এই বিষয়বস্তুকে ভিত্তি করে একটি মৌলিক গল্প লেখ।

২) যেকোনো একটি বিষয়ে একটি চিঠি লেখ - (১২০ শব্দ) (৭)

ক) তোমার শহরে গাছ কেটে বহুতল বানানো হচ্ছে যেখানে সেখানে, এর ফলে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে। এ বিষয়ে প্রতিবাদ জানিয়ে সংবাদপত্রে চিঠি লেখ।

খ) তুমি একটি পারিবারিক অনুষ্ঠানে যোগ দিয়েছো কিন্তু তোমার ভাই বিদেশে থাকার ফলে সেখানে আসতে পারেনি। তাকে চিঠি লিখে অনুষ্ঠানের বিস্তারিত বর্ণনা দাও।

৩) নিচের অংশটি ভালো করে পড়ে প্রশ্নাবলীর উত্তর দাও - (১০)

মানুষের অভিযানের শেষ নেই। অজানাকে জানবার আর অচেনাকে চিনবার আগ্রহ চিরন্তন। সেই অদম্য আগ্রহে বহুদিনের চেষ্টার পর অবশেষে ১৮৫২ সালে এক বঙ্গ সন্তান পৃথিবীর সর্বোচ্চ গিরিশৃঙ্গ---এভারেস্ট আবিষ্কার করেন। তাঁর নাম রাধানাথ শিকদার। শুধু গিরিশৃঙ্গ আবিষ্কার করে মানুষের মন ভরে না। মানুষ এবার ওই উচ্চ শিখরে ওঠবার স্বপ্ন দেখতে থাকে। মানুষের মনে দুর্জয় বাসনা জাগে, যেমন করেই হোক সেই গিরি শৃঙ্গের মাথায় উঠতে হবে। দেশ -বিদেশ থেকে দুঃসাহসিক অভিযাত্রীর দল ছুটে আসে হিমালয়ের পাদদেশে। বছরের পর বছর গড়িয়ে যায়। অভিযাত্রীর দল একে একে পরাজিত হয়ে ফিরে যায়। তাদের ভেতর অনেকে ফিরতেও পারে না, হিমালয়ের কোলে চির নিদ্রায় মগ্ন হয়। তবুও মানুষের অভিযান শেষ হয় না। এমনিভাবে একদিন আসে সেই স্মরণীয় দিন। ঐতিহাসিক ২৯শে মে, ১৯৫৩ সাল। বিশ্ববাসী অবাক বিস্ময়ে শোনে মানুষ এভারেস্টের গর্ব খর্ব করে তার চূড়ায় উঠেছে---বিশ্বের শ্রেষ্ঠ দুঃসাহসিক বীর তেনজিং নোরগে এবং তার সঙ্গী ইতালির অধিবাসী এডমন্ড হিলারী। এক শতাব্দী আগে বাংলার এক সন্তান পৃথিবীর সর্বোচ্চ গিরিশৃঙ্গটি আবিষ্কার করেছিলেন। আর ঠিক এক শতাব্দী পরে সেই শৃঙ্গে প্রথম পদক্ষেপ করেন তেনজিং।

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

ক) পর্বত অভিযাত্রীরা এভারেস্ট গিরি শৃঙ্গের সন্ধান পেলেন কি করে? (২)
খ) রাধানাথ শিকদারের কৃতিত্ব কিসে? (২)
গ) সব অভিযাত্রী অভিযান শেষ করে দেশে ফিরতে পারেন না কেন? (২)
ঘ) এভারেস্ট আবিষ্কার ও এভারেস্টে আরোহণের মধ্যে কত দিনের ব্যবধান ছিল? (২)
ঙ) তেনজিং - এর নামের সঙ্গে বীর বিশেষণটি সংযোজনের সার্থকতা কি? (২)

(৮)

৪) নির্দেশ অনুসারে উত্তর দাও -

১) তুমি যেতে পারবে না। (ভাব বাচ্য পরিবর্তন করো) (১)
ক) তুমি যাবে না।
খ) তুমি আসবে না।
গ) তোমার যাওয়া হবে না।
ঘ) হবে না তোমার যাওয়া।

২) তাকে চেনাও শক্ত ধরাও শক্ত। (জটিল বাক্য পরিবর্তন করো ) (১)
ক) তাকে চেনা ধরা দুটোই শক্ত।
খ) তাকে চেনা সহজ হলেও ধরা শক্ত।
গ) তাকে যেমন চেনাও শক্ত তেমনি ধরাও শক্ত।
ঘ) তাকে চেনা ধরা কোনটাই সহজ নয়।

৩) নববধূটি তার শাশুড়ির_____হয়ে উঠেছে। তিনি তার মধ্যে ভালো কিছুই দেখতে পান না। (উপযুক্ত বাগধারা নির্বাচন করো) (১)
ক) অষ্টরম্ভা
খ) চোখের বালি
গ) কেউকেটা
ঘ) আক্কেল সেলামি

৪) "হাত" শব্দটি প্রভাব অর্থ ব্যবহৃত হয়েছে- (১)
ক) মাথায় হাত দিয়ে বসে আছো কেন?
খ) দুজনে মিলে হাতাহাতি করে কোন লাভ নেই।
গ) গ্রামের গঠনমূলক কাজে জমিদার বাবুর হাত অনেকখানি।
ঘ) রমেশের আঁকার হাত খুবই ভালো।

৫) "আপন - আপণ" - সমোচ্চারিত শব্দ দুটির অর্থ কোনটি? (১)
ক) নিজ- দোকান
খ) ভূমিকা- দোকান
গ) দোকান -নিজ
ঘ) পর -আপন

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

৬) "অবসাদ" - শব্দের পদান্তরিত রূপ কোনটি? (১)
ক) অবস্থিত
খ) অপ্রসৃত
গ) অপসন্ন
ঘ) অবসন্ন

৭) "ওস্তাদ" - শব্দের বিপরীত শব্দ কোনটি (১)
ক) পটু
খ) দক্ষ
গ) আনাড়ি
ঘ) পাকা

৮) শুদ্ধ বাক্য কোনটি? (১)
ক) আজকের রবীন্দ্রনাথের নাটক অভিনয় হবে।
খ) আজকে রবীন্দ্রনাথের নাটক অভিনীত হবে।
গ) আজ রবীন্দ্রনাটক অভিনয় করবেন।
ঘ) কোনটাই না।

## SECTION - 'B' (40 Marks)

(তোমার পাঠ্য দুটি বই থেকে একটি করে প্রশ্ন অবশ্যই করবে। বাকি যেকোনো দুটি প্রশ্নসহ মোট চারটি প্রশ্নের উত্তর দেবে)

### সংকলিতা (কবিতা)

৫) "হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে" ----
ক) কবিতাটিতে কবি "হয়তো" শব্দটির ব্যবহার করেছেন কেন?
খ) নবান্ন কি? তিনি নবান্নের দেশ বলতে কী বোঝাতে চেয়েছেন?
গ) এই কবিতায় কবি কোন কোন পাখির কথা উল্লেখ করেছেন? কেন এই পাখিদের কথা তিনি বলেছেন ?
ঘ) এই কবিতার মধ্যে দিয়ে কবির কী ধরনের মানসিকতা প্রতিফলিত হয়েছে? (২+২+৩+৩)

৬) "হে নব সভ্যতা! হে নিষ্ঠুর সর্বগ্রাসী" ----------
ক) বক্তা এখানে "নব সভ্যতা" বলতে কী বোঝাতে চেয়েছেন?
খ) এই নব সভ্যতাকে কবি "সর্বগ্রাসী" বলেছেন কেন?
গ) কবি কি কি ফিরে পেতে চান?
ঘ) 'চাই' শব্দটি কবি কতবার কি কি উদ্দেশ্যে ব্যবহার করেছেন ?(৩) (২+২+৩+৩)

৭) "এ-নরক সহিতে কি পারিতাম" -------
ক) "নরক" বলতে কবি কোন ভয়ঙ্কর পরিস্থিতি কে বুঝিয়েছেন?
খ) এই নারকীয় পরিস্থিতির চিত্র কবি এখানে কিভাবে এঁকেছেন ?
গ) এই পরিস্থিতির জন্য কবি কাদের এবং কোন ঘটনাকে দায়ী করেছেন ?
ঘ) এই পরিস্থিতির মধ্যে কিভাবে কবি বেঁচে থাকার প্রেরণা খুঁজে পাচ্ছেন?

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

সংকলিতা (গল্প)

৮) "এটা হাতছাড়া করলে মনে হচ্ছে তিনি বাঁচবেন না" -
ক) "এটা" - বলতে কোন জিনিসটিকে বোঝানো হয়েছে তা লেখ।
খ) "তিনি" - বলতে এখানে কাকে বোঝানো হয়েছে তার পরিচয় দাও।
গ) কে, কিভাবে জিনিসটির পুরো দাম দিয়েছিলেন?
ঘ) আজাহার সাহেব কিভাবে মানুষ হিসেবে জন্মগ্রহণ করার অর্থ খুঁজে পেলেন তা লেখ। (২+২+৩+৩)

৯) 'লোকসান হবে না, কি হিসেব তুই শিখেছিস?'-
ক) কে কাকে এই কথা বলেছে?
খ) কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?
গ) শেষ পর্যন্ত রমেন কিভাবে মানুষের পাশে দাঁড়িয়েছিল?
ঘ) রমেনের চরিত্রের পরিবর্তন সম্বন্ধে যা জান লেখ। (২+২+৩+৩)

১০) "দিব্যি বিনি পুঁজির ব্যবসা ফাঁদা হয়েছে '--------
ক) উক্তিটির বক্তা কে? কার সম্পর্কে তিনি এই কথা বলেন?
খ) সে কিভাবে বিনা পয়সায় ব্যবসা ফেঁদে বসেছিল?
গ) বিষয়টি বক্তাকে অবাক করেছিল কেন?
ঘ) গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। (২+২+৩+৩)

Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

# Question Paper 2

## S.E.Rly. M.H.S.S. (E.M.) / KGP
## Pre-Board Examination - (2022-23)

Class - X

Subject - **Bengali**

Time - 2 Hours 30 Mts. F.M. - 80

---

Answer to this paper must be written on the paper provided seperately.
You will not be allowed to write during the first 15 minutes.
This time is to be spent in reading the question paper.
**Section 'A'** is compulsory - All questions in **Section 'A'** must be answered.
Attempt any four questions from **Section 'B'**, answering at least one question each from the two books you have studied and any two questions .

---

### Section - A

(Attempt all questions from this section)

**Question 1.**

নিচের বিষয়গুলি থেকে যে কোনো একটি বিষয় নিয়ে আনুমানিক শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা করো ঃ [15]

i) জীবনে অভাববোধ যত কম হবে, দুঃখ ও তত কমে যাবে।

ii) গণমাধ্যম আমাদের কী উপকার করে।

iii) আধুনিক যুগ – কম্পিউটারের যুগ।

iv) জীবনের একটি স্মরণীয় দিন।

v) সংলগ্ন ছবিটি ভালো করে দেখো। ওই ছবিটির বিস্তৃত বর্ণনা দাও অথবা ছবিটি তোমার মনে যে ভাব জাগিয়েছে তা স্পষ্ট করে লেখো ছবিটির সঙ্গে তোমার রচনার ঘনিষ্ট সম্বন্ধ থাকা চাই।



**Question 2.**

নিচের বিষয়গুলি থেকে যে কোনো একটি বিষয় বেছে নিয়ে শব্দের মধ্যে একটি পত্র লেখো। [7]

i) বড়ো হয়ে তুমি কী হতে চাও এবং কেন, সেই সম্পর্কে বন্ধুর নিকট পত্র।

[Turn Over]

Pati's ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY



অথবা

পরিবেশ দূষণ সম্বন্ধে প্রতিবাদ জানিয়ে দৈনিক বাংলা সংবাদ পত্রে একটি পত্র লেখো।

**Question 3.**

নিচের অংশটি ভালো করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির ঠিকমতো উত্তর নিজের ভাষায় লেখো : 10

**পাঠ্যাংশ**

ষোড়শ শতাব্দীর শেষভাগে আকবরের রাজত্বকালে আবুল ফজল 'আইন-ই-আকবরী' প্রণয়ণ করেন। ওই গ্রন্থে সুতানুটি (বর্তমান হাটখোলা) দক্ষিণে বর্তমান কলকাতা কালীঘাট ও ভবানীপুর এলাকা কে এক কথায় 'কালীকোটা' বলে উল্লেখ করা হয়েছে। ওই এলাকা ঘন জঙ্গলে পরিপূর্ণ ছিল। আলাদা কোনো নাম ছিল না। পুরো এলাকাকেই কালীঘাট বলা হোত। আবুল ফজল কালীঘাট লিখতে গিয়ে কালীকোটা লেখেন। অনেকে বলেন, পরে ইংরেজদের মুখে তা ক্যালকাটা বা কলকাতায় রূপান্তরিত হয়। আমরা জানি সুতানুটি, কলকাতা ও গোবিন্দপুর তিনটি গ্রাম নিয়ে কলকাতা শহর গড়ে ওঠে।

১৭০০ খ্রিষ্টাব্দের পর ইংরেজরা গোবিন্দপুর, কালীঘাট ইত্যাদি গ্রামে বসবাস করতে শুরু করেন। তখন গভীর জঙ্গলে ঢাকা উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিম এ শহরের চারদিক। তখনও বাঘের ভয় ছিল এখানে। শোনা যায় বাংলার ইংরেজ গভর্নর ওয়ারেন হেস্টিংস আলিপুরে বাঘ শিকার ও পার্ক স্ট্রিটে হরিণ শিকার করতেন। ঠ্যাঙাড়েদেরও আড্ডা ছিল গড়ের মাঠের জঙ্গলে। কালীঘাটের মাহাত্ম্য এমনই, জাগ্রত দেবীর টানে শুধু জলপথে নয়, হাঁটাপথেও আসতেন ভক্তরা। বাঘের ভয়, ঠ্যাঙাড়েদের অত্যাচার ছিল পদে পদে। চিত্তেশ্বরীর মন্দির সংলগ্ন অঞ্চলকে চিত্তেশ্বরীপুর বা চিৎপুর বলা হতো। এখন যাকে চিৎপুর বলা হয় সেই রাস্তাটির নাম ছিল তীর্থযাত্রীদের রাস্তা বা কালীঘাটে যাওয়ার রাস্তা। সেই সময় চৌরঙ্গীনাথ নামে একজন সাধু গড়ের মাঠে ওই জঙ্গলের কাছাকাছি এক জায়গায় থাকতেন। কালীঘাটের যাত্রীদের তিনি নানাভাবে সাহায্য করতেন। চৌরঙ্গীনাথের নামেই পরে ওই এলাকার নাম চৌরঙ্গী হয়েছিল।

প্রশ্নাবলী -

i) আবুল ফজল কোন গ্রন্থ রচনা করেন ? এটি কোন্ সময় রচিত হয়েছিল ? 2

ii) তিনি কোন্ এলাকাকে এক কথায় কালীকোটা বলে উল্লেখ করেন ? 2

iii) কোন্ কোন্ গ্রাম নিয়ে কলকাতা শহর গড়ে ওঠে ? 2

iv) তখনকার কলকাতার চেহারা বর্ণনা করো। 2

v) চিৎপুর ও চৌরঙ্গীর নাকরণের কারণ কী ? 2

**Question 4.**

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর নির্দেশানুসারে লেখোঃ –

i) 'অপু মহা উৎসাহে শুকনা লতা-কাটি কুড়াইয়া আনে।' – 'কুড়াইয়া' শব্দটির চলিত রূপ লেখো। কুড়িয়ে 1

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY



ii) বৃদ্ধের মাথায় মস্ত টাকের চারপাশে ছিল ........... সাদা চুল। – শূণ্যস্থান উপযুক্ত ধ্বণ্যাত্মক শব্দটি বসাও – ক) ধবধবে , খ) টুকটুকে , গ) কটকটে । 1

iii) সাধনা করো নতুবা সিদ্ধিলাভ হবে না । (জটিল বাক্যে পরিবর্তিত করো) 1

iv) নিচের কোন বাক্যটিতে 'কাঁচা' শব্দটি রান্না করা নয় অর্থে ব্যবহৃত হয়েছে ? 1

ক) রমেশবাবু কাঁচা কথার মানুষ নন।

খ) ছেলেটার কাঁচা ঘুম ভাঙিয়ো না।

গ) এক সময়ে মানুষও কাঁচা মাংস খেত।

v) সঠিক বানান কোনটি ? 1

ক) নির্দোষী , খ) নির্দোষ , গ) নির্দষ

vi) সেটি সে দেখেনি। (কর্মবাচ্যে পরিবর্তিত করো) 1

vii) 'যা সহজেই ভাঙে' – নিচের কোনটি সঠিক ? 1

ক) ভঙ্গুর , খ) পলকা , গ) হালকা

viii) 'অরণ্যে রোদন' – এই বাগধারাটির সঠিক অর্থ কোনটি 1

ক) ভীষণ শত্রুতা , খ) অপদার্থ , গ) নিষ্ফল আবেদন

## Section – B

(Attempt four questions from this section. You must answer at least one question from each of the two books you have studied and any two other questions.)

### সংকলিতা (ছোটগল্প)

### দেবতার জন্ম – শিবরাম চক্রবর্তী

**Question 5.**

"তাই ভাবছি একটা হেস্তনেস্ত হয়ে যাক, হয় ও থাকুক নয় আমি।"

i) 'ও' এবং 'আমি' কে ? 2

ii) বক্তা একথা বলেছেন কেন ? 3

iii) বক্তা কী সিদ্ধান্ত নিলেন এবং কেন ? 2

iv) সিদ্ধান্ত গ্রহণের পর তিনি কী করলেন ? 3

### নীলমানুষের কাহিনী – সুনীল গঙ্গোপাধ্যায়

**Question 6.**

"সে এই পৃথিবী ছেড়ে যাবে না। ওদের জব্দ করার একমাত্র উপায় জলের মধ্যে নেমে পড়া। ওরা জলকে ভয় পায়।"

i) 'সে' - কে ? 2

[Turn Over

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY



ii) কেন সে এই পৃথিবী ছেড়ে যেতে চায় না ? 3

iii) 'ওদের' - বলতে কাদের কথা বলা হয়েছে ? 2

iv) ওরা জলকে ভয় পায় জেনে, সে কী করেছিল ? 3

বামা – বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

**Question 7.**

"বিপদ কেটে গিয়েছে, আমার চোখে না পড়লে সর্বনাশ হত, ভিটেতে ব্রহ্মহত্যে হত।"

i) উদ্ধৃত উক্তিটির বক্তা কাকে এ কথা বলেছিল ? 2

ii) তিনি কিভাবে বিপদে পড়েছিলেন ? 3

iii) 'বিপদ কেটে গিয়েছে' – বলতে বক্তা কী বাঝাতে চেয়েছেন ? 3

iv) 'ভিটেতে ব্রহ্মহত্যে হত' – কেন একথা বলা হয়েছে ? 2

সংকলিতা (কবিতা)

ফুল ফুটুক না ফুটুক – সুভাষ মুখোপাধ্যায়

**Question 8.** "........ এক কাঠখোট্টা গাছ,
কচি কচি পাতায় পাঁজর ফাটিয়ে হাসছে।"

i) কবিতাটি কবির কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ? 2

ii) কবিতায় কোন ঋতুর কথা উল্লেখ করা হয়েছে ? গাছটি কোথায় হয়েছিল ? 3

iii) কাঠখোট্টা গাছের এমন পরিচয় দেওয়ার অর্থ কী ? 2

iv) অংশটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও। 3

বাবু বলেন – শঙ্খ ঘোষ

**Question 9.** "সবাই যদি বলেও আমায় । মিথ্যে এবং মেকি
নিজের কথার জ্বালায় যদি । জ্বলে নিজের ডেরা .....।"

i) কবিতায় 'আমায়' বলতে কার কথা বলা হয়েছে ? 2

ii) সবাই তাঁকে মিথ্যে এবং মেকি বলে কেন ? 2

iii) তাঁর নিজের ডেরা জ্বলার কারণ সম্বন্ধে বক্তা কী জানিয়েছেন ? 3

iv) বক্তার স্বভাবগত বৈশিষ্ট্য আলোচনা করো। 3

সিঁড়ি – সুকান্ত ভট্টাচার্য

**Question 10.**

"আমরা সিঁড়ি
তোমরা আমাদের মাড়িয়ে
প্রতিদিন অনেক উঁচুতে উঠে যাও," –

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY



i) কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ? 2

ii) উদ্ধৃত অংশে সর্বনাম পদগুলির মাধ্যমে কাদের কথা বলা হয়েছে ? 2

iii) সর্বনাম পদের অন্তরালে প্রকৃতপক্ষে কবি কাদের উদ্দেশ্য করেছেন ? 3

iv) কবিতার মূল অর্থ বুঝিয়ে লেখো। 3

চাঁদের পাহাড় – বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

**Question 11.** "জিম একদিন আমার বন্দুকটা নিয়ে পরীক্ষা করতে করতে হঠাৎ কী দেখে আশ্চর্য হয়ে গেল।"

i) জিম কে ? 2

ii) এখানে কার বন্দুকের কথা বলা হয়েছে ? 2

iii) ওই বন্দুকটার কী বৈশিষ্ট্য ছিল ? 3

iv) জিম কী দেখে আশ্চর্য হয়ে গেল ? তারপর জিমের সঙ্গে বক্তার কী কথাবার্তা হল ? 3

**Question 12.** "প্রণাম , হে রুদ্রদেব , প্রণাম।"

i) কে রুদ্রদেবকে প্রণাম করল ? 2

ii) 'রুদ্রদেব' কে ? 2

iii) বক্তা কী বলে তাঁকে প্রণাম করল ? 3

iv) রুদ্রদেবকে কেন বক্তা প্রণাম করেছে ? 3

**Question 13.** "...... যে দৈত্য ওই রহস্যময় বনপর্বতের অমূল্য হীরকখনির প্রহরী, সে সম্পূর্ণ অপ্রত্যাশিতভাবে আমাদের বাধা দিলে।"

i) এখানে 'দৈত্য' বলতে কাকে ইঙ্গিত করা হয়েছে বুঝিয়ে লেখো। 2

ii) আমাদের বলতে কাদের বোঝানো হয়েছে ? 2

iii) প্রসঙ্গ উল্লেখ করো। 3

iv) ওরা কেমন অপ্রত্যাশিত বাধার সম্মুখীন হয়েছিল ? 3

Pati's
ICSE ACADEMY

# Question Paper 3

St. Jude's High School
Madhyamgram, Kolkata - 700129
Class - 10
Sub - BENGALI
Final Rehearsal Examination, 2022-2023
Full Marks: 80 Time: 3 hrs

## বিভাগ : ক

১। নিচের বিষয়গুলির থেকে একটি বিষয় নিয়ে ২৫০ শব্দের (250 words) একটি রচনা লেখ :— (15)

(ক) একজন ছাত্র হিসেবে পড়াশোনার প্রচন্ড চাপ তোমাকে কষ্ট দেয়। এই বিষয়ে তোমার ভাবনা যুক্তিসহ লেখ।

(খ) পরিবেশ রক্ষায় ছাত্রছাত্রীদের ভূমিকা

(গ) একটি প্রাচীন মন্দিরের আত্মকথা

(ঘ) 'মানবসেবাই পরমধর্ম'— এই প্রবাদবাক্য অবলম্বনে একটি মৌলিক গল্প লেখ।

২। নিচের দুটি বিষয়ের মধ্যে যেকোনো একটি বিষয় নিয়ে ১২০ শব্দের (120 words) মধ্যে একটি পত্র লেখ :— (7)

তোমাদের বহুদিনের পুরোনো বাড়িটি ভেঙে একটি বহুতল বানানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই বিষয়ে তোমার প্রতিক্রিয়া জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।

অথবা

নোংরা পরিবেশ ও অপরিষ্কার জমা জলের জন্য ডেঙ্গির সম্ভাবনা বাড়ছে। এর প্রতিকার চেয়ে তোমার এলাকার পৌরপ্রধানকে একটি চিঠি লেখ।

৩। প্রদত্ত রচনাটি ভালোভাবে পড়ে তারপর প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখবে :—

একদিন কোনো এক প্রয়োজনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গেলেন হিন্দু কলেজের প্রিন্সিপাল কার সাহেবের ঘরে। চরকায় মায়ের হাতে বোনা মোটা সুতোর ধুতি ও চাদর পরা, মাথার সামনের দিক কামানো, পিছনে সুবৃহৎ শিখা। এমন চেহারার মানুষকে দেখে কার সাহেব বসতে বললেন না, বরং নিজের পা দুখানি টেবিলের ওপর তুলে দিয়ে জিজ্ঞেস করলেন, হ্যাঁ পণ্ডিত কী দরকার বলো?

অপমানিত ও ক্রুদ্ধ হয়ে ঈশ্বরচন্দ্র ফিরে এলেন সেদিন, কাবুকে কিছু বললেন না। কয়েকদিন পরেই একটি সুযোগ পেয়ে গেলেন। পিঠোপিঠি দুই কলেজের পরিচালকদের প্রায়ই নানা কাজে কথাবার্তা বলতে হয়। সেদিন কার সাহেব এলেন সংস্কৃত কলেজের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির সঙ্গে দেখা করতে। আগে থেকে খবর পেয়েই ঈশ্বরচন্দ্র টেবিলের ওপর তাঁর চটি পরা পা দুখানি

Pati's
ICSE ACADEMY

তুলে রাখলেন, তারপর কার সাহেবকে বসার চেয়ার না দিয়ে জিজ্ঞেস করলেন, হ্যাঁ বলো সাহেব, কী তোমার প্রয়োজন? রাগে ছটফটিয়ে ঘর থেকে তৎক্ষণাৎ বেরিয়ে গেলেন কার সাহেব।

এই ঘটনাই নানাভাবে ছড়িয়ে পড়ল চতুর্দিকে। এমনকি ইংরেজ সমাজেরও কানে গেল। কার সাহেব ঘটনাটিকে রসিকতা হিসেবে না নিয়ে শিক্ষা বিভাগের প্রধানের কাছে নালিশ জানালেন। শিক্ষা বিভাগের সেক্রেটারি ময়েট সাহেব এলেন তদন্তে। ঈশ্বরচন্দ্র নিরীহমুখে বললেন, আমি কিছু দোষ করেছি তা তো জানতাম না। আমি তো ভেবেছিলাম এটাই তোমাদের দেশের ভদ্রতা। কার সাহেবের মতন একজন মান্যগণ্য ব্যক্তি যদি টেবিলে চর্মনির্মিত জুতো সুধ্ পা তুলে দিয়ে বসে থাকেন, তাহলে আমার পক্ষে টেবিল থেকে পা নামিয়ে বসা কি অভব্যতা হত না?

ময়েট সাহেব হো হো করে হেসে উঠলেন। তারপর রিপোর্ট লিখলেন, পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মতো সাহসী ও তেজস্বী পুরুষ আমি বাঙালিদের মধ্যে আর একজনও দেখি নাই।

**প্রশ্ন** [i] ঈশ্বরচন্দ্র কীরকম চেহারা ও পোশাকে কার ঘরে গিয়েছিলেন? [ii] ঈশ্বরচন্দ্র কী কারণে অপমানিত হয়েছিলেন? [iii] তিনি কীভাবে অপমানের শোধ নিয়েছিলেন? [iv] ঘটনাটির তদন্তে কে এসেছিলেন? ঈশ্বরচন্দ্র তাঁকে কী বলেছিলেন? [v] তদন্তকারী ঈশ্বরচন্দ্র সম্পর্কে কী রিপোর্ট দিয়েছিলেন? 2+2+2+2+2

৪। সঠিক উত্তরটি বেছে নিয়ে খাতায় লেখ :— (৪)

(i) দুই নদীর মধ্যবর্তী স্থান-কে এককথায় বলে—
(a) দ্রষ্টব্য (b) অবাচী (c) দোয়াব (d) বলভি

(ii) বিদ্যাসাগর বাঙালি জাতির ______। (শূন্যস্থানে পূরন কর)
(a) ঢাকের বাঁয়া (c) তালপাতার সেপাই
(b) নয়নের মনি (d) ঠুঁটো জগন্নাথ

(iii) খালি সরবত গলার আওয়াজে ____ করছে। — (শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসাও)
(a) গমগম (c) দুমদাম
(b) ঝমঝম (d) থরথর

(iv) সঠিক বানান কোনটি ?
(a) বীভীষিকা (b) বিভিষিকা (c) বীভিষিকা (d) বিভীষিকা

(v) 'শুচি' শব্দের অর্থ —
(a) পবিত্র (b) তালিকা (c) শিল্প (d) অপবিত্র

(vi) 'সে গরীব কিন্তু সৎ।' — এটি কী জাতীয় বাক্য ?
(a) সরল (b) জটিল (c) যৌগিক (d) প্রশ্নবোধক

Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY



(vii) নীরু বাপের মুখ দেখিয়া সব বুঝিতে পারিল।
– এটি যৌগিক বাক্যে হবে—
(ক) নীরু বাপের মুখ দেখিল এবং সব বুঝিতে পারিল।
(খ) বাপের মুখ দেখিয়াই নীরু সব বুঝিতে পারিল।
(গ) বাপের মুখ না দেখিয়াই নীরু সব বুঝিল।
(ঘ) যখনি নীরু বাপের মুখ দেখিল তখনি সব বুঝিল।

(viii) 'উঃ! তোমার এত দুঃসাহস!' – কী জাতীয় বাক্য?
(ক) প্রশ্নবোধক (গ) জটিল
(খ) বিস্ময়সূচক (ঘ) যৌগিক

(viii) নীচের কোন বাক্যে 'পাকা' শব্দটি 'দক্ষ' অর্থে ব্যবহৃত হয়েছে?
(ক) গ্রামে রাস্তা পাকা হচ্ছে।
(খ) পাকা কথা দিয়ে গেলাম।
(গ) [illegible]
(ঘ) ছেলেটা খুব পাকা।

## বিভাগ: খ

[ তোমার পাঠ্য দুটি বই থেকে একটি করে উত্তর অবশ্যই লিখবে। বাকী দুটি যেকোন প্রশ্নের উত্তর লেখ। মোট চারটি প্রশ্নের উত্তর লিখতে হবে ] 10×4=40

### গদ্য

৫। "তবু ওদের জন্য কেন তার এত কষ্ট?"—
(i) কার কষ্ট? (ii) কাদের জন্য তার কষ্ট? (iii) তার কষ্টের কারন কী? (iv) 'ওদের' হাত থেকে বাঁচার জন্য সে কী করে?
2+2+3+3

৬। "আজহার সাহেব বিরক্ত হয়ে বললেন, এসব কী?"
(i) আজহার সাহেব কে? (ii) তিনি কার ওপর বিরক্ত হলেন? (iii) তাঁর বিরক্তির কারন কী? এ প্রসঙ্গে তাঁর চরিত্র বর্ণনা কর, (iv) 'এসব কী?' বলতে কী বোঝানো

Pati's ICSE ACADEMY

হয়েছে? যাকে বলা হয়েছে তার চরিত্র বর্ণনা কর। 2+2+3+3

৭। "এই খেলা নিয়েই একটা কান্ড হল একবার।"

(i) লেখক কে? তাঁর আরও দুটি গল্পের নাম কর।

(ii) কোন খেলার কথা বলা হয়েছে?

(iii) খেলা নিয়ে যে কান্ড হয়েছিল তার বিবরণ দাও।

(iv) খেলার ফলাফল কী হয়েছিল এবং কেন? 2+2+3+3

## পদ্য

৮। "সে দধীচিদের হাড় দিয়ে ঐ বাষ্পশকট চলে,
বাবুসাব এসে চড়িল তাহাতে কুলিরা পড়িল তলে।"

(i) 'বাবুসাব' কে? (ii) 'কুলিরা' বলতে কাদের বোঝান হয়েছে? (iii) দধীচি কে? (iv) দধীচিদের হাড় দিয়ে কীভাবে বাষ্পশকট চলে? 2+2+3+3

৯। 'অন্তরে লভেছি তব বাণী / তাইতো মানি না ভয়,
জীবনেরই জয় হবে, জানি।' —

(i) কে কার বাণী লাভ করেছে? (ii) বাণীটি কী?

(iii) কবির ভয় না মানার কারণ কী? (iv) কবি কেমন করে জানতে পারেন যে জীবনের জয় হবে? 2+2+3+3

১০। "মেয়ের বাবা সকাল-সন্ধে চৌমাথাতে হকার/
ছোটো বোনটা ফাইভে পড়ে, এখনও দাদা বেকার।"

(i) বক্তা কে? (ii) মেয়েটির পরিচয় দাও।

(iii) এই অংশটি পড়ে মেয়েটির বাড়ির পরিস্থিতি সম্পর্কে কী ধারণা হয়?

(iv) মেয়েটি কীভাবে সেই পরিস্থিতি সামাল দেবার চেষ্টা করে?

2+2+3+3

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**Question Paper 4**

# ST. AGNES SCHOOL, KHARAGPUR

**PRE-BOARD EXAMINATION 2022-23** **F.M. 80**

**CLASS X** **BENGALI** **TIME: 3 HRS**

Answers to this paper must be written on the paper provided separately.

You will not be allowed to write during the first 15 minutes.

This time is to be spent in reading the question paper.

The time given at the head of this paper is the time allowed for writing the answers.

---

This paper comprises of two sections: Section A and Section B.

Attempt all the questions from Section A.

Attempt four questions from Section B. answering at least one question each from the same books you have studied and any two other questions from the same books you have compulsorily chosen.

The intended marks for questions or parts of questions are given in the brackets [ ].

---

## SECTION A [40 Marks]

Attempt all questions.

Question 1

Write a short composition in Bengali of approximately 250 words on any one of the following topics:— [15]

নিচের বিষয়গুলো থেকে যে কোন একটি বিষয় নিয়ে আনুমানিক 250 শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা করো:–

i) স্কুলের যে স্মৃতি সারা জীবন তোমার মনে উজ্জ্বল হয়ে থাকবে বলে তুমি মনে করো।

ii) তোমার চোখে তোমার প্রজন্ম।

iii) একটি যুদ্ধবিমানের আত্মকথা।

iv)"চোরে-চোরে মাসতুতো ভাই"— এই প্রবাদ বাক্যটি অবলম্বনে একটি মৌলিক গল্প রচনা কর।

v) নিচের ছবিটি দেখে তোমার মনের প্রতিক্রিয়া নিজের [illegible] কর।

Pati's
ICSE ACADEMY



## Question 2

Write a letter in Bengali in approximately 120 words on any one of the topics given below:-- [7]

নিম্নলিখিত বিষয় দুটির মধ্যে যে কোন একটি বিষয় নিয়ে একটি আনুমানিক 150 শব্দের মধ্যে একটি পত্র লেখ:--

i) প্রতিযোগিতার ইঁদুর দৌড়ে এই প্রজন্মের ছেলেমেয়েদের মানসিক চাপ প্রবল। মানসিক ও শারীরিক সুস্থতার প্রয়োজনে যোগ ব্যায়ামের অনিবার্য প্রভাব সম্পর্কে বন্ধুকে চিঠি লেখ।

ii) তোমার এলাকায় ভাঙাচোরা রাস্তাঘাট এবং জল নিকাশী নালা গুলি দীর্ঘকাল সংস্কার না হওয়ায় জল জমে সাধারণ মানুষের চলাফেরায় যেমন অসুবিধা হয়, তেমনি চারদিকে জল বাহিত রোগ ছড়ায়। এ ব্যাপারে প্রতিকার চেয়ে একজন সচেতন নাগরিক হিসেবে বাংলা সংবাদপত্রের সম্পাদককে চিঠি লেখ।

## Question 3

*Read the passage given below and answer in Bengali the questions that follow, using your own words as far as possible:--*

নিচের অংশটি ভালো করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির ঠিকমতো উত্তর দাও---

কোন কাজকর্ম না থাকায় নটরাজন কয়েকজনকে জড়ো করে যোগাড় যন্ত্র শুরু করল কিছু রান্না করার। আমাদের খাবার একেবারে বাঁধা ধরা ছিল। দিনে ভাত বা রুটি, ডাল একটা সবজি, মুরগি বা পাঁঠার মাংস। রাত্রে বাকি সব একই—শুধু মাংসের বদলে মাছ। সবজি বলতে গাজর, বিন আর কড়াইশুঁটি। সবই বরফে জমানো। এর মধ্যে আব

বেশিদিন রান্না করতে হতো।

ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

রান্না করত নেভির কুক বেনুগোপাল আর সেবাস্টিন। রোজকার রান্নার একেবারে একই স্বাদ।এর মধ্যে যারা নিরামিষাশী তাদের অবস্থাই করুণ। সকাল বিকেল একই রকমের তরকারি খেতে খুবই একঘেয়ে লাগত।

নটরাজন একেই খাদ্যরসিক আমাদের মেস কমিটির মেম্বার, তার উপর ওর দক্ষিণি স্বাদের খাবার খাওয়া হতো না। তাই প্রায়ই অভিযানের নেওয়া খাবারের স্টোর খুঁজে দই বড়া, ইডলি, দোসা, সাম্বারম ইত্যাদির রেডিমেড প্যাকেট নিয়ে কিছু বানাবার চেষ্টা করত। সেদিন ওর মাথায় এল গাজর দিয়ে তরকারি না রেঁধে গাজরের হালুয়া রাঁধা হবে।

রায়, মান্না,অজিত আর আমাকে রাজি করিয়ে ও নানান ডিরেকশন দিতে লাগলো গাজরের হালুয়া রাঁধার। আমরাও যে যার হচ্ছে মতো কনডেন্সড মিল্ক, কিসমিস ,ঘি ,মাখন, চিনি কাজুবাদাম, এলাচ সব ঢালতে লাগলাম। সব মিলিয়ে জিনিসটা দিব্যি খেতে হয়েছিল — না হওয়ার কোন কারণ ছিল না। তবে এর নামকরণে নানা মতভেদ হল — কেউ বলল এটা হচ্ছে গাজরের বরফি, কেউ বললো ক্ষীর আর কারো মতে একেবারে পাক্কা হালুয়া।

পরদিন আবহাওয়া ভালো থাকতে থাকতে আবার কাজকর্ম যথারীতি শুরু হল। নটরাজন বেস্ ক্যাম্পের সকলের জন্য গাজরের হালুয়া নিয়ে গিয়েছিল। ওখানে গিয়ে বলেছি যে এটা সুদীপ্তা বানিয়েছে। ফলে আমি যখন সেদিন রেডিও কমিউনিকেশনের ডিউটি করছি, তখন জনে জনে বেস ক্যাম্প থেকে আমাকে রেডিওতে ধন্যবাদ দিতে লাগলো।

প্রশ্ন:

i) রান্নাবান্নার উদ্যোগ কে নিয়েছিল? প্রতিদিনের খাবারে মেনুতে কী কী থাকতো? [2]

ii) খাবারের কোন্ সবজি বেশি রান্না করা হতো? রান্নার ভার কাদের উপর ন্যস্ত হয়েছিল? [2]

iii) নিরামিষাশীদের অবস্থা শোচনীয় হয়েছিল কেন? নটরাজন খাবার ব্যাপারে বৈচিত্র্য আনতে কি করতো? [2]

iv) গাজরের হালুয়া রান্নার বিবরণ দাও। রান্না শেষে গাজরের হালুয়া কি কি নামকরণ করা হয়েছিল? [2]

v) নটরাজন সকলের জন্য কি নিয়ে গিয়েছিল ?হালুয়া রান্নার কৃতিত্ব কে পেয়েছিল? [2]

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

Question 4

Answer the following questions according to the instruction given:-

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর নির্দেশ অনুসারে দাও:---

i) আমি যদি মরি তবে সেও মরবে– এটি কি বাক্য? [1]

a) সরল বাক্য
b) জটিল বাক্য
c) যৌগিক বাক্য
d) প্রশ্নবোধক বাক্য

ii) শুদ্ধ বানানটি বেছে নাও:-- [1]

a)জিবিকা ,আগুণ
b)জিবীকা , আগুন
c) জীবিকা, আগুন
d)জীবীকা ,আগুণ

iii) কোন্ বাক্যে 'নাক' শব্দটি <u>বিরক্তি প্রকাশ করা</u> অর্থে ব্যবহার করা হয়েছে? [1]

a) আমার ব্যাপারে তোমাকে নাক গলাতে হবে না।
b) সারারাত তুমি নাক ডেকেছ।
c) সব জিনিস দেখে নাক সিটকানো তোমার স্বভাব।
d) তোমার কি নাক আছে,যে গন্ধ পাবে।

iv) রাম রাবণকে হত্যা করেছিল — এটি কি বাচ্য? [1]

a) কর্তৃবাচ্য
b) কর্মবাচ্য
c) ভাব বাচ্য
d) কোনোটিই নয়।

v)"আহা কি দেখিলাম জন্ম জন্মান্তরে ভুলিব না"----বাক্যে <u>আহা</u> র পরে কোন্ চিহ্ন বসবে? [1]

a)।(দাড়ি)
b)?(জিজ্ঞাসা)
c)!(বিস্ময় বোধক)
d):(কোলন)

vi) সিনেমার হিরোকে দেখতে______করে লোকজন আসতে লাগল। [1]

a) খিল খিল
b) তিল তিল
c) পিল পিল
d) হুড় মুড়

vii) শিক্ষক বললেন,"ভগবান তোমার মঙ্গল করুন" —এর পরোক্ষ উক্তি কোনটি হবে? [1]

a) শিক্ষক বললেন যে তোমার ভালো হোক।
b) শিক্ষক মহাশয় আমার জন্য মঙ্গল কামনা করলেন।
c) শিক্ষক মহাশয় তোমার মঙ্গল কামনা করেন।
d) কোনোটিই সঠিক নয়।

viii) এই লোকটা একটা ________ ওকে দিয়ে কোন কাজ হবে না। (সঠিক বাগধারা বসাও) [1]

a) অমাবস্যার চাঁদ
b) অকর্মার ধাড়ি
c) অন্ধের যষ্টি
d) গোবরে পদ্মফুল

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

SECTION B [40 Marks]

...ions from only two of the following textbooks are to be answered.

Attempt four questions from this section.

You must answers at least one question from each of the two books you have studied and any two other questions from the same books that you have chosen.

(যে কোন চারটি প্রশ্নের উত্তর লেখ)

তোমার পঠিত দুটি বই থেকে একটি করে উত্তর অবশ্যই লিখবে। বাকি যেকোনো দুটির উত্তর লেখ।

## সংকলিতা — ছোট গল্প
## SONKOLITA (SHORT STORIES)

**Question 5**

Read the extract given below and answer in Bengali the question that follow:-

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ —

"আপনি এখানে কোত্থেকে এলেন মশাই?"

ক্যানভাসার — বনফুল

i) বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে? [2]

ii) প্রসঙ্গ কি? [2]

iii) উদ্দিষ্ট ব্যক্তি কেন সেখানে এসেছিল? [3]

iv) বক্তা কেন এরূপ উক্তি করেছিলেন? [3]

**Question 6**

Read the extract given below and answer in Bengali the questions that follow:---

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ:--

"ছেলে মানুষের হালকা কথা কে তা মনে রাখে"

অসহযোগী — মানিক বন্দ্যোপাধ্যায়।

i) এখানে 'ছেলেমানুষ 'কে এবং উক্তিটি কে করেছেন? [2]

ii) প্রসঙ্গ কি? [2]

iii) এখানে কোন্ কথাকে ছেলেমানুষের কথা বলা হয়েছে? [3]

iv) উদ্দিষ্ট ব্যক্তি সে কথা মনে রাখেন নি কেন?

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

Question 7

Read the extract given below and answer in Bengali the questions that follow:—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ:—

"ভদ্রমহিলা একটু গম্ভীর হয়ে রইলেন"

নাম —নরেন্দ্রনাথ মিত্র।

i) ভদ্রমহিলা কে? [2]

ii) তিনি গম্ভীর হয়ে রইলেন কেন? [2]

iii) কোন্ প্রসঙ্গে তিনি গম্ভীর হয়ে রইলেন? [3]

iv) তার গাম্ভীর্য কাটলো কিভাবে? [3]

## সংকলিতা কবিতা

## SANKOLITA (POEMS)

Question 8

Read the extract given below and answer in Bengali the questions that follow:–

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ:—

"বর্বর রাক্ষস হাঁকে, আমি শ্রেষ্ঠ, সবচেয়ে বড়ো।"

রবীন্দ্রনাথের প্রতি — বুদ্ধদেব বসু।

i) 'বর্বর রাক্ষস' কে ?সে নিজেকে 'শ্রেষ্ঠ সবচেয়ে বড়ো' বলছে কেন? [2]

ii) বর্বর রাক্ষস কিভাবে তার ঔদ্ধত্য প্রকাশ করছে? [2]

iii) এই অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর। [3]

iv) কবির বিশ্বাস কী? রবীন্দ্রনাথের ক্ষেত্রে প্রাসঙ্গিক কেন? [3]

Question 9

Read the extract given below and answer in Bengali the questions that follow:–

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ:—

"অমলকান্তি রোদ্দুর হতে পারেনি।"

অমলকান্তি — নীরেন্দ্রনাথ চক্রবর্তী।

i) অমলকান্তি কে? তার কী ইচ্ছা ছিল? [2]

ii) তার ইচ্ছাপূরণ হল না কেন? [2]

iii) অন্যদের ইচ্ছাপূরণ হল কেন? [3]

iv) অমলকান্তির প্রকৃতি ও মানসিকতা বিশ্লেষণ কর।

Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

Question 10

Read the extract given below and answer in Bengali the questions that follow:---

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ:---

"ঠিক সেই সময়
চোখের মাথা খেয়ে গায়ে উঠে এসে বসল,
আ মরণ! পোড়ারমুখো লক্ষ্মীছাড়া প্রজাপতি"
ফুল ফুটুক না ফুটুক — সুভাষ মুখোপাধ্যায়।

i)'ঠিক সেই সময়' বলতে কোন্ সময়ের কথা বলা হয়েছে? [2]

ii) প্রজাপতিকে'লক্ষ্মীছাড়া' বলা হয়েছে কেন? [2]

iii) প্রজাপতি কার গায়ে উঠে এসে বসল? [3]

iv) উদ্ধৃত অংশের মাধ্যমে কবি কি বোঝাতে চেয়েছেন? [3]

XXXXXXX

Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

# Question Paper 5

**THE FUTURE FOUNDATION SCHOOL**
**PRE BOARD EXAMINATION**
**SESSION – 2022 – 2023**
**BENGALI**
**(Second Language)**
***(Three hours)***
***(Maximum Marks : 80)***
**CLASS – X**
**DATE – 09.01.2023.**

***Answers to this Paper must be written on the paper provided separately.***
*You will **not** be allowed to write during the first 15 minutes.*
*This time is to be spent in reading the question paper.*
*The time given at the head of this Paper is the time allowed for writing the answers.*

---

***Section A** is compulsory- **All** questions in **Section A** must be answered.*
*Attempt **any four** questions from **Section B**, answering at least **one** question each from the **two** books you have studied and **any two** questions from the same books you have studied.*
*The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

---

## SECTION A
*(Attempt **all** questions from this Section)*

**Question 1.**

**নীচের যেকোনো একটি বিষয় বেছে নিয়ে ২৫০ একটি প্রবন্ধ রচনা করো:-** (15)

**ক।** একটি খাঁচায় পোষা পাখির আত্মকথা।
**খ।** আমাদের দৈনন্দিন জীবনে বিজ্ঞানের অবদান।
**গ।** 'গরমের ছুটি' - এই শিরোনামে একটি গল্প রচনা করো।
**ঘ।** 'ভোরবেলা আমরা সবাই মিলে বেরিয়ে পড়লাম ......' - গল্পটা শেষ করো।

**Question 2.**

**নীচের যেকোনো একটি বিষয় বেছে নিয়ে একটি পত্র রচনা করো:-** (7)

**ক।** প্রতি বছর বর্ষাকালে তোমাদের বাড়ির সামনের রাস্তায় প্রচুর জল জমে, তার ফলে কী কী অসুবিধার সম্মুখীন হতে হয় তা জানিয়ে এবং এই অসিবিধার সমাধান চেয়ে পৌরপিতার কাছে চিঠি লেখো।

**খ।** আত্মীয় স্বজন, প্রতিবেশী ও বন্ধুবান্ধবদের উপস্থিতিতে প্রতি বছর ধুমধাম করে তোমার জন্মদিন পালন করা হয়। এইবছর তুমি একটু অন্যরকমভাবে জন্মদিনটা কাটাতে চাইছো। কী তোমার পরিকল্পনা তা জানিয়ে দাদুর কাছে চিঠি লেখো।

**Question 3.**



Pati's ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**নীচের অংশটি ভালো করে পড়ো এবং প্রশ্নের উত্তর দাও :-** (5x2=10)

সেদিন বেলা এগারোটা নাগাদ গোপেশবাবু বাইরের ঘরে বসে খবরের কাগজ পড়ছেন। কাগজটা পাশের বাড়ি থেকে চেয়ে আনা খবরের কাগজ।

এমন সময় একটি লোক, গায়ে ময়লা হাফ-শার্ট, মাথায় ঝাঁকড়া চুল, পরণে হাঁটু পর্যন্ত ছোটো ধুতি এবং পায়ে জুতো নাই, রং ঘোর কালো, রোগা চেহারা গোপেশবাবুর ঘরে ঢুকল। দেখেই গোপেশবাবু বুঝে নিলেন।

“মাপ করো বাবা, এখানে কিছু হবে না।”

লোকটি বলল, 'ভয় পাবেন না— সাহায্য চাইতে আসিনি।'

“তবে কী জন্যে? চাকরি? আমার বাড়িতে কাজের লোক দরকার নেই এখন।

'আজ্ঞে আমি চাকরি চাই না।'

“তবে!'

আশ্চর্য হয়ে গোপেশবাবু বললেন -
'আমাকে দেখতে এসেছ নাকি?”

লোকটি ফিক্ করে হাসল, আজ্ঞে, দেখবার মতো লোক তো আপনি বটেনই।' করতেন ফুটপাতে আলু বিক্রি এখন সাতখানা বাড়ির মালিক। একেই বলে কর্মবীর। আপনার মতো লোককে দেখলেও তো পুণ্যি হয়।”

গোপেশবাবু ভাবলেন, খুশি হওয়া উচিত, কিন্তু ফুটপাতে আলু বিক্রির কথাটা মনে করিয়ে দেওয়া তাঁর ভালো লাগল না।

বললেন-
'ঠিক আছে, ঠিক আছে, দর্শন তো হল। এবার কেটে পড়ো।”

সে বললে, 'জলেই জল বাঁধে টাকাই টাকা আনে। একখানা লটারির টিকিট কিনবেন স্যার? আপনি কপালে লোক, নির্ঘাত পেয়ে যাবেন।

**(i)** বেলা এগোরোটার সময় গোপেশবাবুর ঘরে যে লোকটি এসেছিল, তার চেহারা কেমন?
**(ii)** গোপেশবাবু তখন কোন্ কাজে ব্যস্ত ছিলেন? লোকটিকে দেখে তার কী মনে হয়েছিল?
**(iii)** লোকটির মন্তব্যে গোপেশবাবুর প্রতি ব্যঙ্গ প্রকাশিত হয়েছে কীভাবে?



Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

(iv) লোকটির কোন কথা গোপেশবাবুর ভালো লেগেছিল?
(v) লোকটির কোন্ কথা তাঁর পছন্দ হয়নি?

**Question 4.**

**নির্দেশমতো উত্তর দাও :-** (8)

i. শূন্যস্থানে উপযুক্ত বাগধারা বসাও :

মামার দেওয়া উপহার পেয়ে হরি একেবারে _____________, আনন্দ আর ধরে না।

a. আকাশ কুসুম
b. আহ্লাদে আটখানা
c. আক্কেল গুড়ুম
d. আকাশে তোলা

ii. শূন্যস্থানে উপযুক্ত বাগধারা বসাও :

বিখ্যাত পরিচালকের মৃত্যুতে বাংলা চলচ্চিত্র জগতের ___________ ঘটল।

a. বজ্রপাত
b. দুর্ঘটনা
c. ইন্দ্রপতন
d. কেলেঙ্কারী

iii. আকাশে ওড়ে যে - এটি এক কথায় প্রকাশ করলে কী হবে?

a. পাখি
b. উড়ন্ত
c. এরোপ্লেন
d. খেচর

iv. দূরকে যিনি দেখতে পান - এটি এক কথায় প্রকাশ করলে কী হবে?

a. দূরদর্শী
b. অদূরদর্শী
c. সমদর্শী
d. দুষ্কৃতি

v. ছেলেটি এত অবাধ্য যে বাবার কোনো কথায় গা করে না।- এই বাক্যটিতে গা শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

a. আত্মগোপন করা
b. বিরক্ত হওয়া
c. অঙ্গ বিশেষ
d. গ্রাহ্য না করা



Pati's ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**vi.** শুদ্ধ বানানটি বেছে নাও :

a. অত্যাধিক
b. অত্যধিক
c. অত্তধিক
d. অত্যধীক

**vii.** শুদ্ধ বাক্যটি বেছে নাও :

a.এ যে দেখছি হাড় জুড়ানো হয়েছে যে যখন আসছে যা খুশি নিয়ে চলে যাচ্ছে।

b.এ যে দেখছি পটল তোলা হয়েছে যে যখন আসছে যা খুশি নিয়ে চলে যাচ্ছে।

c.এ যে দেখছি মগের মুলুক হয়েছে যে যখন আসছে যা খুশি নিয়ে চলে যাচ্ছে।

d.এ যে দেখছি নয়নের মণি হয়েছে যে যখন আসছে যা খুশি নিয়ে চলে যাচ্ছে।

**viii.** শুন্যস্থানে সঠিক ধ্বন্যাত্মক শব্দ বসাও :

এত সময় ধরে বসে থেকে হাত পা সব ________ করছে।

a.গনগন
b. ঝিনঝিন
c.গমগম
d.খুঁতখুঁত

## SECTION B

*(Attempt **four** questions from this Section)*

*(You must answer at least **one** question from each of the two books you have studied and **any two** other questions.)*

**( সংকলিতা - গদ্য )**

**Question 5.**

**'এইসব বিলাস লালসার ফলেই দেশটা উচ্ছন্নে যাইতেছে।'** (2+2+3+3)= 10

**ক।** এটি কার মত? সেই লোকটি কেমন?
**খ।** কোন প্রসঙ্গে এই কথাটি উল্লেখ করা হয়েছে?
**গ।** ক্যানভাসারের সঙ্গে তার কী ভাবে দেখা হয়?
**ঘ।** 'কিন্তু তদপেক্ষা আশ্চর্যজনক আর এক কান্ড ঘটিল।'- কী ঘটলো?

**Question 6.**

**'তোর যদি পছন্দ না হয় নিসনে।'-** (2+2+3+3)= 10

**ক।** কে, কাকে একথা বলেছে?
**খ।** কী নেওয়ার কথা বলা হচ্ছে?
**গ।** উদ্দিষ্ট ব্যক্তির নাম পরিবর্তন হওয়ার কারণ কী?
**ঘ।** এতে তার কী রকম সংকট উপস্থিত হলো? কী ভাবে সে এর প্রতিকার


Pati's
ICSE ACADEMY

খুঁজলো?

Question 7.

**'ব্যাপার কী রকম বুঝছেন?'-** (2+2+3+3)=10

ক। কে, কাকে একথা বলেছে?

খ। কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে?

গ। উদ্দিষ্ট বস্তুটির এরপর কী হলো?

ঘ। গল্প কথকের মনে কী ভাবে দেবতার জন্ম ঘটলো?

## ( সংকলিতা - পদ্য )

Question 8.

**'মক্ষিকাও গলে না গো, পড়িলে অমৃতহ্রদে।' -** (2+2+3+3)=10

ক। মক্ষিকা বলতে এখানে কী বোঝান হয়েছে?

খ। অমৃতহ্রদ বলতে কী বোঝান হয়েছে?

গ। মক্ষিকা অমৃতহ্রদে পড়লে গলে না কেন?

ঘ। এই পংক্তিটির মধ্যে দিয়ে কবি আসলে কী বোঝাতে চাইছেন?

Question 9. (2+2+3+3)=10

ক। 'আবার আসিব ফিরে' কবিতায় কবি কোথায় ফিরে আসতে চান?

খ। কবি এই কবিতায় কোন কোন নদীর নাম করেছেন?

গ। 'কার্তিকের নবান্নের দেশে'- কবি কোন রূপে ফিরে আসতে চান এবং কেন?

ঘ। 'বাংলার এ-সবুজ করুণ ডাঙায়'- বলার কারণ কী?

Question 10.

**'তোমাকে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে'-** (2+2+3+3)=10

ক। কে,কাকে স্মরণ করছেন?

খ। 'দুর্দিন' বলতে কী বোঝান হয়েছে?

গ। 'আমি শ্রেষ্ঠ, সবচেয়ে বড়।'- কে বলছে? কেন বলছে?

ঘ। কবি 'এত দুঃখ' সহ্য করার শক্তি কোন 'অক্ষয় মন্ত্র' থেকে লাভ করছেন?

## ( চাঁদের পাহাড় )

Question 11.

**'ভারতবর্ষের ছেলে শঙ্করের দুই হাত আপনা-আপনি প্রণামের ভঙ্গিতে ললাট স্পর্শ করলে।'-** (2+2+3+3)=10

ক। শঙ্কর কে ? তার কী কী বিশেষ গুণ ছিল?

খ। কার কাছে কী কথা শুনে সে প্রণাম করল?

গ। শঙ্করের সাথে যে ছিল তার সাথে দেখা হয়েছিল কীভাবে ?

ঘ। শঙ্কর কী ভাবে এই অভিজ্ঞতার সম্মুখীন হয়েছিল তা বর্ণনা কর।

Question 12.



Pati's ICSE ACADEMY

## Question Paper 5

**'ওরা ছুটে গেল। শঙ্কর আবোল তাবোল কি বকলে, ওরা ভালো বুঝতে পারলে না।'-** (2+2+3+3)=10

**ক।** শঙ্কর কে? তার পরিচয় দাও।

**খ।** শঙ্করকে কে কোথায় কী কাজ পেতে সাহায্য করেছিল

**গ।** 'ওরা' বলতে কাদের কথা বলা হয়েছে? কী দেখে তারা ছুটে গেল ?

**ঘ।** শঙ্করকে কোথা থেকে কী অবস্থায় কোথায় নিয়ে যাওয়া হল ?

**Question 13.**

**'এক ডোজ হোমিওপ্যাথিক ওষুধে তার ভূত ছেড়ে গেল।'-** (2+2+3+3)=10

**ক।** কাকে, কীভাবে ভূতে ধরল ?

**খ।** কারা, কোথায় গিয়ে এই অভিজ্ঞতা লাভ করে ?

**গ।** আসলে ঘটনাটি কী ঘটেছিল ?

**ঘ।** কীভাবে ভূত ছাড়ানো হলো? এরপর কী ঘটলো ?

Pati's ICSE ACADEMY

Question Paper 6

# VIDYASAGAR SHISHU NIKETAN

[Under the Society for the Betterment of Education, Midnapore]
(ENGLISH MEDIUM HIGHER SECONDARY SCHOOL)
AFFILIATED TO ICSE & ISC (NEW DELHI)

**Selection Test - 2022–2023**

**Class – X**
**Subject – Bengali**

**Maximum Marks– 80**
**Time Allowed – 3 Hrs.**

**(Section-A is compulsory and all questions from this section must be answered. Answer any four questions from section-B, answering at least one from the two books.)**

## Section-A

**(Attempt all questions from this group)**

**Question 1**

**নীচের বিষয়গুলি থেকে যে কোনো একটি বিষয়ের উপর আনুমানিক ২৫০ শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা কর:** ১৫

(ক) একটি ঝর্ণা কলমের (Fountain Pen) আত্মকথা।
(খ) একজন ফেরিওয়ালার সারাদিন।
(গ) তোমার বাড়ির পুরোনো অ্যালবাম।
(ঘ) 'কেঁচো খুঁড়তে সাপ'– এই প্রবাদ বাক্যটি অবলম্বনে একটি মৌলিক ছোটো গল্প লেখ।
(ঙ) নিচের ছবিটি দেখে তোমার মনের প্রতিক্রিয়া নিজের ভাষায় লেখ।



**Question 2**

(ক) তোমাদের এলাকায় মশাবাহিত রোগ প্রায় মহামারীর আকার ধারণ করেছে। কিন্তু স্থানীয় পৌরসভা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে কার্যত উদাসীন। এ বিষয়ে অভিযোগ জানিয়ে একটি বাংলা সংবাদপত্রের সম্পাদককে আনুমানিক ১২০ শব্দের মধ্যে একটি পত্র রচনা কর। ৭

অথবা

সম্প্রতি পড়ে ভালো লাগা একটি বইয়ের বিষয়ে জানিয়ে তোমার বন্ধুকে অনধিক ১২০ শব্দের মধ্যে একটি পত্র লেখ। ৭

**Question 3**

**নীচের গদ্যাংশটি ভালো করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও:** ৫x২=১০

উনবিংশ শতাব্দীর প্রথমার্ধে নারী শিক্ষা, বিশেষ করে বাঙালি মেয়েদের শিক্ষা নানা কুসংস্কার ও পাপ পুণ্যের বেড়াজালে আবদ্ধ ছিল। মেয়েরা কার্যত চার দেওয়ালের মধ্যে বন্দী হয়ে থাকতেন। বাড়ির বাইরে বের হওয়া বা পড়াশ



Pati's ICSE ACADEMY

পাপ বলে মনে করা হত। কলম ধরলে বা বই পড়লে বিধবা হতে হবে–এমন ধারণা প্রচলিত ছিল। বাল্যবিবাহ, কৌলিন্য প্রথা, সতীদাহের মত কু-প্রথাগুলি মেয়েদের জীবনকে বিষময় করে তুলেছিল।

সমাজের এইরকম অবস্থায় রামমোহন, বিদ্যাসাগর, দেবেন্দ্রনাথ ঠাকুর, ড্রিঙ্কওয়াটার বেথুন প্রমুখ মনীষীগণ স্ত্রী শিক্ষা নিয়ে আন্দোলন গড়ে তোলেন। উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকে কেবল গতানুগতিক শিক্ষা নয়, বিজ্ঞান চর্চাতেও মেয়েদের উল্লেখযোগ্য অগ্রগতি দেখা যায়।

এইরকম যুগ সন্ধিক্ষণে নারী শিক্ষা বিরোধী সামাজিক পটভূমিতে ১৮৬১ খৃষ্টাব্দের (মতান্তরে ১৮৬২) ৮ই মে কাদম্বিনী গঙ্গোপাধ্যায়ের জন্ম হয়। পিতা ব্রজকিশোর বসু ব্রাহ্ম ধর্মাবলম্বী ছিলেন। কাদম্বিনীর বাল্যকাল কাটে ভাগলপুরে। ব্রজকিশোর ও তাঁর কয়েকজন বন্ধু তখন ভাগলপুরে নারীশিক্ষা ও নারীমুক্তি আন্দোলনের সূচনা করেছেন। এই সময়ে শ্রী অরবিন্দের পিতা কৃষ্ণধন ঘোষ মহাশয় ভাগলপুরে সমাজ সংস্কারে মনোনিবেশ করেন। পারিপার্শ্বিক প্রগতিশীল আবহাওয়া কাদম্বিনীকে শিক্ষামুখী ও আধুনিক মনোভাবাপন্ন করে তোলে। তাঁর বিদ্যালয় শিক্ষা আরম্ভ হয় কলকাতায়, বালিগঞ্জের হিন্দু মহিলা বিদ্যালয়ে। পরবর্তী সময়ে তিনি বেথুন স্কুল থেকে এফ.এ. পরীক্ষায় উত্তীর্ণ হন এবং ১৮৮৩ খ্রীষ্টাব্দে স্নাতক সম্মান অর্জন করেন। চন্দ্রমুখী বসুও একই সঙ্গে স্নাতক সম্মান অর্জন করেন। ঐ বছরই কাদম্বিনী নারী কল্যানকামী দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়ের সঙ্গে পরিণয় সূত্রে আবদ্ধ হন। তবে, বিবাহিত জীবন তাঁকে ঘরের মধ্যে আবদ্ধ রাখতে পারেনি। বাংলায় তখন চিকিৎসা ব্যবস্থার খুবই দূরাবস্থা ছিল। ম্যালেরিয়া, মহামারী ছাড়াও প্রসূতি ও শিশুমৃত্যু লেগেই থাকত। এদের কথা ভেবে কাদম্বিনী চিকিৎসা শাস্ত্র নিয়ে পড়া শুরু করেন। এখানেও তাঁকে প্রচুর বাধার সম্মুখীন হতে হয়। এর আগে ১৮৮২ খৃষ্টাব্দে মাদ্রাজে এবং ১৮৮৩ খৃষ্টাব্দে বোম্বাইএ মেয়েদের ডাক্তারী পড়ার সুযোগ দেওয়া হয়েছিল। ১৮৮৪ তে কাদম্বিনী কলকাতা মেডিক্যাল কলেজে ডাক্তারিতে ভর্তি হন। কিন্তু ১৮৮৮ তে শেষ পরীক্ষায় দেখা যায় নারী শিক্ষা বিদ্বেষী এক অধ্যাপক নম্বর না দেওয়ায় তিনি এম বি উপাধি অর্জনে অসফল হয়েছেন।

কিন্তু হারমানার পাত্রী তিনি ছিলেন না। স্বামী, পুত্র, পরিবার রেখে ১৮৯২ সালে তিনি ইংল্যান্ডে যান। এডিনবরা থেকে এল আর সি পি, গ্লাসগো থেকে এল আরসিএস এবং ডাবলিন থেকে এলএফপিএস ডিগ্রি অর্জন করেন এবং দেশে ফিরে এসে লেডি ডাফরিন হাসপাতালে চিকিৎসক হিসেবে যোগদান করেন।

(ক) উনবিংশ শতকের প্রথমার্ধে মেয়েদের জীবন বিষময় ছিল কেন ?

(খ) উনবিংশ শতকের নারী শিক্ষা ও সমাজ সংস্কার আন্দোলনের কয়েকজন পথিকৃৎ এর নাম লেখ।

(গ) কি ধরণের পরিবেশে কাদম্বনীর বাল্যশিক্ষা সূচনা হয়েছিল ? তিনি প্রথমে কোন স্কুলে ভর্তি হয়েছিলেন ?

(ঘ) কাদম্বিনীর ডাক্তারী শাস্ত্র পড়ার ইচ্ছা কেন হয়েছিল ?

(ঙ) বিদেশের কোন কোন জায়গা থেকে তিনি চিকিৎসা শাস্ত্রের কি কি উপাধি অর্জন করেছিলেন ? চিকিৎসক হিসেবে তাঁর কর্মজীবনের সূত্রপাত কোথায় ?

## Question 4

**ব্যাকরণ ভিত্তিক প্রশ্ন ঃ**

প্রদত্ত বিকল্পগুলির মধ্য থেকে সঠিক উত্তরটি বেছে নাও। ৮

(ক) দেখতে নিরীহ হলেও লোকটি আসলে.................।

(i) জড়ভরত, (ii) কূপমন্ডুক, (iii) ভিজে বেড়াল, (iv) ফুলবাবু,

(খ) সঠিক বানান কোনটি ?

(i) পৈত্রিক, (ii) পৈতৃক, (iii) পৈত্রীক, (iv) পইতৃক

(গ) সঠিক বাক্য কোনটি ?

(i) সেই জন্য নয়নজোড় ত্যাগ করে পুত্রকে সঙ্গে নিয়ে কৈলাসবাবু কলিকাতায় আসিয়া বাস করিলেন।

(ii) সেই জন্য নয়নজোড় ত্যাগ করিয়া পুত্রকে সঙ্গে নিয়ে কৈলাসবাবু কলিকাতায় এসে বাস করলেন।

(iii) সেই জন্য নয়নজোড় ত্যাগ করে পুত্রকে সঙ্গে নিয়ে কৈলাসবাবু কলকাতায় এসে বাস করলেন।

(iv) সেই জন্য নয়ন ত্যাগ করিয়া পুত্রকে সঙ্গে লইয়া কৈলাসবাবু কলকাতায় আসিয়া বাস করলেন।

(ঘ) ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহের আগুন সিপাহীদের বুকে তুষের আগুনের মত............করে জ্বলছিল।

(i) দাউদাউ, (ii) ধিকধিক, (iii) গনগন, (iv) দপদপ



Pati's ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

(ঙ) কোথাও উঁচু, কোথাও নিচু যে জমি (এককথায় প্রকাশ কর)

(i) চড়াই, (ii) উতরাই, (iii) অনুর্বর, (iv) বন্ধুর

(চ) কোনটি ভাববাচ্য ?

(i) কাজে লেগে পড়া যাক।

(ii) যাচ্ছ কোথায় ?

(iii) আমাকে এই কাজ করতে হবে ?

(iv) শাঁখ বাজছে।

(ছ) কোনটি পরোক্ষ উক্তি ? (সঠিকটি বেছে নাও)

(i) তিনি বললেন যে তিনি আমাকে বিশ্বাস করেন না।

(ii) তিনি বললেন আমি তোমাকে বিশ্বাস করিনা।

(iii) তিনি বললেন, 'আমি তোমাকে বিশ্বাস করি না।'

(iv) তিনি বললেন যে আমি তোমাকে বিশ্বাস করিনা।

(জ) 'যান' শব্দটির সঠিক অর্থ কি ?

(i) প্রাণ, (ii) বাহন, (iii) জমি, (iv) হয়রান

## Section-B

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখ। তোমার পঠিত দুটি বই এর প্রত্যেকটি থেকে কমপক্ষে একটি প্রশ্নের উত্তর বাধ্যতামূলক।

**Question 5** নাম - নরেন্দ্রনাথ মিত্র

"অসীম ভেবেছিল যা লোকের কাছে বলা যায় এমন একটা কাজই বিষ্ণুকাকা তাকে জুটিয়ে দেবেন।"

(ক) অসীম কে ? ২

(খ) অসীম কোথায় কাজ পেয়েছিল ? ২

(গ) এই কাজ সম্পর্কে তার মনোভাব কেমন ছিল ? ৩

(ঘ) তাকে বাধ্য হয়ে এই কাজ নিতে হয়েছিল কেন ? ৩

**Question 6** গন্ধটা খুব সন্দেহজনক-শীর্ষেন্দু মুখোপাধ্যায়

"রাতে খেতে বসে দাদা মশাই বললেন, 'আপনার খেলা গণপতির চেয়েও ভালো।"

(ক) দাদামশাই কাকে, কোন খেলার কথা বলেছিলেন ? ২

(খ) গণপতি কে ? ২

(গ) দাদামশাই এর এমন বক্তব্যের পেছনে কি কারণ ছিল ? ৩

(ঘ) দাদামশাই এর বক্তব্যে উদ্দিষ্ট ব্যক্তি কি বলেছিলেন এবং তাতে দাদামশাই এর কি প্রতিক্রিয়া হয়েছিল ? ৩

**Question 7** বামা - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

"আমি দস্তুরমতো অবাক হয়ে গেলুম। ব্যাপার কী ? সম্পূর্ণ অপরিচিতা মেয়ে পল্লীর গৃহবধুর এমন ব্যবহার তো ভালো নয়।"

(ক) আমি বলতে কার কথা বলা হয়েছে ? ২

(খ) সে কোথায়, কি কারণে গিয়েছিল ? ২

(গ) অপরিচিতা মেয়েটি কে ? তার সাথে কিভাবে বক্তার দেখা হয়েছিল ? ৩

(ঘ) তার কোন আচরণ বক্তার খারাপ লেগেছিল ? কেন ? ৩

**Question 8** অমলকান্তি-নীরেন্দ্রনাথ চক্রবর্তী

"অমলকান্তি সে-সব কিছু হতে চায়নি।"

(ক) 'অমলকান্তি' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে ? তাঁর আরো দু'টি কাব্যগ্রন্থের নাম লেখ।২



Pati's ICSE ACADEMY

(খ) 'সে-সব কিছু' বলতে কবি এখানে কি বুঝিয়েছেন ? ২

(গ) অমলকান্তি 'সে-সব কিছু' হতে চায়নি কেন ? তার চাওয়া কোন অর্থে ব্যতিক্রমী ? ৩

(ঘ) অমলকান্তির চাওয়া কি পূর্ণ হয়েছিল ? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৩

**Question 9**

আবার আসবি ফিরে - জীবনানন্দ দাশ

"হয়তো মানুষ নয়-হয়তো বা শঙ্খচিল শালিখের বেশে
হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে...."

(ক) 'কার্তিকের নবান্নের দেশে'—এখানে কোন দেশের কথা বলা হয়েছে ? কার্তিক মাস কোন ঋতুতে ? ২

(খ) নবান্ন কী ? ২

(গ) এই কবিতায় কোন কোন নদী ও পাখির নাম পাই ? ৩

(ঘ) উদ্ধৃত পংক্তি দু'টিতে কবি কোন ইচ্ছা প্রকাশ করেছেন ? এমন ইচ্ছা প্রকাশের কারণ কি ? ৩

**Question 10**

রবীন্দ্রনাথের প্রতি - বুদ্ধদেব বসু

"প্রাণলক্ষ্মী নির্বাসিতা। রক্তপায়ী উদ্ধত সঙিনে
সুন্দরেরে বিদ্ধ ক'রে, মৃত্যুবহ পুষ্পকে উড্ডীন
বর্বর রাক্ষস হাঁকে, 'আমি শ্রেষ্ঠ, সবচেয়ে বড়ো।''

(ক) প্রাণলক্ষ্মী কে ? তিনি কেন নির্বাসিতা ? ২

(খ) রক্তপায়ী উদ্ধত সঙিনে সুন্দরকে কেন বিদ্ধ হতে হচ্ছে ? ২

(গ) 'মৃত্যুবহ পুষ্পকে উড্ডীন'—কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৩

(ঘ) 'আমি শ্রেষ্ঠ, আমি সবচেয়ে বড়'—এই উক্তি কাদের ? ৩

---


Pati's ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

Prepare for ICSE CLASS 10 Bengali

Free Resources

SCAN QR CODE Now

Pati's

ICSE Academy

**Prepare for ICSE CLASS 10**
**Free Resources**

**SCAN QR CODE Now**

| | | |
|---|---|---|
| **History/Civics** | **Geography** | **Maths** |
| **Physics** | **Chemistry** | **Biology** |
| **Hindi** | **Physical Education** | **Computer Applications** |

www.spellbeeacademy.com

Pati's

ICSE Academy

## Prepare for ICSE CLASS 10
## Free Resources

### SCAN QR CODE Now

**Economics** | **Commercial Studies** | **French**

**Robotics & AI** | **Home Science** | **EVS**

**Marathi** | **Gujarati** | **Odiya**



**Scan QR code** for Free Access to
500+ Prelim Papers across 20 subjects



























